# মহেশপুর পৌরসভা কার্যালয়

## মহেশপুরপুর, ঝিনাইদহ।

স্থাপিত-১৮৬৯ খ্রিঃ।

### শহর সমন্বয় কমিটির (TLCC) সভার কার্যবিবরণী।

| সভার সভাপতি | সভার স্থান | সভার তারিখ | সভার সময় |
|---|---|---|---|
| জনাব ইয়াসমিন মনিরা<br>প্রশাসক, মহেশপুর পৌরসভা, ঝিনাইদহ। | সম্মেলন কক্ষ, মহেশপুর পৌরসভা<br>মহেশপুর,ঝিনাইদহ। | ৩১ /১২/২০২৪ খ্রিঃ | বেলা ১১.০০ ঘটিকা |

সভার সদস্য হাজিরা সংযোজনী-"ক" দ্রষ্টব্য

আলোচ্য সূচীঃ

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।

২। WC অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

৩। অত্র পৌরসভার বিভিন্ন প্রকার স্থায়ী কমিটির অক্টোবর/২০২৪-ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত

৪। IUGIP প্রকল্প আওতায় GESIAP & PRAP অনুমোদনসহ GESIAP বাস্তবায়নের লক্ষ্যে ৩০ জন নিম্ন আয়ের নারীকে দর্জি প্রশিক্ষণ প্রদান এবং PRAP বাস্তবায়নের লক্ষ্যে ৫০০ পিস কম্বল বিতরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

৫। অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের উঠান বৈঠকের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

৬। বিবিধ।

অদ্য ৩১/১২/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় মহেশপুর পৌরসভার সম্মেলন কক্ষে **"শহর সমন্বয় কমিটির (TLCC)"** সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহেশপুর পৌরসভার মাননীয় প্রশাসক জনাব ইয়াসমিন মনিরা । সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্য ও সুধীবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন।

১। পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।

মহেশপুর পৌরসভার মাননীয় প্রশাসক জনাব ইয়াসমিন মনিরা গত সভার কার্যবিবরণী সম্পর্কে উপস্থিত সকলের মতামত আহ্বান করলে উপস্থিত সদস্যগণ উক্ত কার্যবিবরণীতে কোনো পরিবর্তন-পরিমার্জন নেই মর্মে অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীতে কোন পরিবর্তন-পরিমার্জন না থাকায় কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। WC অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।

মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ WC অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ উপস্থাপনকৃত WC অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী গুলি খুটিয়ে খুটিয়ে দেখিলেন এবং তাঁদের সুপারিশকৃত কিছু জনগুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

সিদ্ধান্ত ঃ WC অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী গুলি খুটিয়ে খুটিয়ে দেখিলেন এবং তাঁদের সুপারিশকৃত কিছু জনগুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

৩। অত্র পৌরসভার বিভিন্ন প্রকার স্থায়ী কমিটির অক্টোবর/২০২৪-ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত

মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ অত্র পৌরসভার বিভিন্ন প্রকার স্থায়ী কমিটির অক্টোবর/২০২৪-ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ উপস্থাপনকৃত বিভিন্ন প্রকার স্থায়ী কমিটির অক্টোবর/২০২৪- ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী গুলি খুটিয়ে খুটিয়ে দেখিলেন এবং তাঁদের সুপারিশকৃত কিছু জনগুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

সিদ্ধান্ত ঃ অত্র পৌরসভার বিভিন্ন প্রকার স্থায়ী কমিটির অক্টোবর/২০২৪- ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী গুলি খুটিয়ে খুটিয়ে দেখিলেন এবং তাঁদের সুপারিশকৃত কিছু জনগুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

৪। **IUGIP প্রকল্প আওতায় GESIAP & PRAP অনুমোদনসহ GESIAP বাস্তবায়নের লক্ষ্যে৩০ জন নিম্ন আয়ের নারীকে দর্জি প্রশিক্ষণ প্রদান এবং PRAP বাস্তবায়নের লক্ষ্যে ৫০০ পিস কম্বল বিতরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।**

মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ সভাকে অবহিত করেন যে, IUGIP প্রকল্প আওতায় GESIAP & PRAP অনুমোদনসহ GESIAP বাস্তবায়নের লক্ষ্যে ৩০ জন নিম্ন আয়ের নারীকে মহিলা বিষয়ক অধিদপ্তর মহেশপুর,ঝিনাইদহ দর্জি প্রশিক্ষণ চলছে এবং PRAP বাস্তবায়নের লক্ষ্যে গরীব,বিধবা ও অসহায় মানুষের মাঝে ৫০০ পিস কম্বল বিতরণ করা হবে ইহা অনুমোদনের জন্য সভার মতামত আহবান করেন। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ IUGIP প্রকল্প আওতায় GESIAP & PRAP অনুমোদনের বিষয়ে একমত পোষন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আরও সন্তুষ্ঠি প্রকাশ করেন যে IUGIP প্রকল্প আওতায় GESIAP মাধ্যমে ৩০ জন নিম্ন আয়ের নারীকে মহিলা বিষয়ক অধিদপ্তর মহেশপুর,ঝিনাইদহ দর্জি প্রশিক্ষণ চলছে এবং PRAP বাস্তবায়নের লক্ষ্যে গরীব,বিধবা ও অসহায় মানুষের মাঝে ৫০০ পিস কম্বল বিতরণ করা হবে। ইহা অত্র সভায় অনুমোদন করা হলো এবং মাসিক সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

**সিদ্ধান্ত ঃ** অত্র সভায় GESIAP & PRAP অনুমোদনের বিষয়ে সকলে একমত পোষন করেন। IUGIP প্রকল্প আওতায় GESIAP বাস্তবায়নের লক্ষ্যে ৩০ জন নিম্ন আয়ের নারীকে মহিলা বিষয়ক অধিদপ্তর মহেশপুর,ঝিনাইদহ দর্জি প্রশিক্ষণ চলছে এবং PRAP বাস্তবায়নের লক্ষ্যে গরীব,বিধবা ও অসহায় মানুষের মাঝে ৫০০ পিস কম্বল বিতরণ করা হবে। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

৫। **অক্টোবর/২০২৪ - ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের উঠান বৈঠকের সভার কার্যবিবরণী প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।**

মাননীয় প্রশাসক মহোদয়ের নির্দেশক্রমে অত্র TLCC কমিটির সদস্য-সচিব জনাব মোঃ সোহেল রানা নির্বাহী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (ভাঃ) মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ সভাকে অবহিত করেন যে অত্র পৌরসভা এলাকার মধ্যে উঠান বৈঠকের অক্টোবর/২০২৪-ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপন পূর্বক পাঠ করে শুনান। সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দ উপস্থাপনকৃত উঠান বৈঠকের অক্টোবর/২০২৪- ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী গুলি খুটিয়ে খুটিয়ে দেখিলেন এবং তাঁদের সুপারিশকৃত কিছু জনগুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

**সিদ্ধান্ত ঃ** অত্র পৌরসভার উঠান বৈঠকের অক্টোবর/২০২৪- ডিসেম্বর/২০২৪ এর ২য় কোয়ার্টারের সভার কার্যবিবরণী গুলি খুটিয়ে খুটিয়ে দেখিলেন এবং তাঁদের সুপারিশকৃত কিছু জনগুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্তে পৌরপরিষদের মাসিক সভায় প্রেরণের জন্য একমত পোষন করেন। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

৬। **বিবিধঃ ক) প্রধান শিক্ষক মহেশপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়,নাগরিক সমাজের প্রতিনিধির মতামত।**

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব রঞ্জন কুমার মজুমদার প্রধান শিক্ষক মহেশপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও নাগরিক সমাজের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, মহেশপুর বাজার হতে বালিকা বিদ্যালয় পর্যন্ত একটি ড্রেন আছে। উক্ত ড্রেনের পানি ওভার ফ্লো হয়ে রাস্তার দুই ধারসহ বালিকা বিদ্যালয়ে প্রবেশ করে পরিবেশ দূষন করছে বিধায় ড্রেনটি বর্ধিত করে মেইন ড্রেনের সাথে সংযুক্ত করতে হবে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। ইহা অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

**বিবিধঃ খ) প্রধান শিক্ষক বৈঁচিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়,নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধির মতামত।**

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব সাদিয়া সুলতানা প্রধান শিক্ষক বৈঁচিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ০২ নং ওয়ার্ড বৈঁচিতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে IUGIP প্রকল্প হতে প্রাপ্ত কোন ডাস্টবিন প্রদান করা হয়নি। বিধায় উক্ত বিদ্যালয়ে ডাস্টবিন প্রদানের জন্য অনুরোধ জানান। উক্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডাস্টবিন প্রদানের সিদ্ধান্ত অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

**বিবিধঃ গ) জনাব মোঃ নওফেল হোসাইন,নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধির মতামত।**

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব মোঃ নওফেল হোসাইন নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ০৬ নং ওয়ার্ডে অনেক পিলারে বাল্ব নাই বিধায় রাতের বেলা মানুষ চলাচলে সমস্যা হয় এবং চুরি ডাকাতির আশঙ্খা থাকে বিধায় জরুরী ভিত্তিতে যে পিলার গুলোতে বাল্ব নাই সেসব পিলারে বাল্ব লাগানোর ব্যবস্থা নিতে হবে । এছাড়া ০৬ নং ওয়ার্ডটি শহর কেন্দ্রিক হওয়ায় উক্ত ওয়ার্ডকে সম্পূর্ণ ড্রেনের আওতায় আনতে হবে। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। ইহা অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

হয়।

বিবিধঃ ঘ) জনাব মোঃ আনিসুর রহমান, পেশাজীবি সমাজের প্রতিনিধির মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব মোঃ আনিসুর রহমান, পেশাজীবি সমাজের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে আমি ০৮ নং ওয়ার্ডে বসবাস করি এ ওয়ার্ডটি খুবই অবহেলিত। উক্ত ওয়ার্ডে ড্রেনের সমস্যা আছে, অনেক পিলারে বাল্ব নাই এবং নিয়মিত ভাবে ড্রেন ও পরিষ্কার করা হয়না। এ সমস্যাগুলি সমাধানের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত বর্ণিত সমস্যা সমাধানের বিষয়ে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। ইহা অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

বিবিধঃ ঙ) জনাব মোঃ নজরুল ইসলাম, নাগরিক সমাজের প্রতিনিধির মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব মোঃ নজরুল ইসলাম নাগরিক সমাজের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ০১ নং ওয়ার্ডে নিয়মিত ড্রেন পরিস্কার করা হয়না । এ বিষয়ে নজর দেওয়ার জন্য সভার দৃষ্ঠি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ ০১ নং ওয়ার্ডে নিয়মিত ভাবে ড্রেন পরিষ্কারের বিষয়ে একমত পোষন করেন। ইহা অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

বিবিধঃ চ) জনাব মোঃ সাইফুল ইসলাম, নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধির মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব মোঃ সাইফুল ইসলাম নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে ১। আবুল মিয়ার রাইচ মিলের মোড় হতে পাতিবিলা অভিমুখে রাস্তাটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে বিধায় উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামতসহ সীলকোটকরণ করতে হবে ২। পাতিবিলা মজুমদার দীঘির পাশের রাস্তাটির কিছু অংশ ভেঙ্গে পুকুরের মধ্যে পড়ে গেছে জরুরী ভাবে উহা প্যালাসাইটিং করতে হবে এবং ৩। ০৭ নং ওয়ার্ডে অনেক পিলারে বাল্ব নাই বাল্বের ব্যবস্থা করতে হবে । উল্লেখিত বিষয়গুলিতে নজর দেওয়ার জন্য সভার দৃষ্ঠি আকর্ষণ করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উল্লেখিত বিষয়গুলি দ্রুত সময়ের মধ্যে সমাধানে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। ইহা অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

বিবিধঃ ছ) মোছাঃ নার্গিস সুলতানা (দীপা),নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধির মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, মোছাঃ নার্গিস সুলতানা (দীপা) সহকারী শিক্ষক মহেশপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও নগর দারিদ্র জনগোষ্টির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, IUGIP প্রকল্প হতে প্রাপ্ত কিছু ডাস্টবিন মহেশপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রদান করার নিমিত্তে সুপারিশ করেন। উক্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জরুরী ভাবে কিছু ডাস্টবিন প্রদানের সিদ্ধান্ত অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

বিবিধঃ জ) জনাব শাহরিয়ার আকাশ, উপজেলা প্রকৌশলী ও সদস্য মহেশপুর পৌরপরিষদ এর মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, জনাব শাহরিয়ার আকাশ, উপজেলা প্রকৌশলী ও সদস্য মহেশপুর পৌরপরিষদ সভাকে অবহিত করেন যে ১। যানজট নিরসনের লক্ষ্যে শহরের মধ্য দিয়ে কোন ধরনের বড় যানবাহন চলাচল করতে দেওয়া যাবে না বিকল্প হিসেবে বাইপাস সড়ক চালু করতে হবে এবং ২। চৌগাছা বাস টার্মিনালটি বালিগর্ত বাজারের আশপাশে স্থানান্তর করতে হবে তাহলে একদিকে শহরের মধ্যে আর যানজট হবে না এবং অন্যদিকে সুন্দর পরিবেশ বজায়ে থাকবে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উল্লেখিত বিষয় দুইটি অতিগুরুত্ব পূর্ণ হিসেবে বাস্তবায়নের নিমিত্তে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহীত হয়। ইহা অত্র সভায় গৃহীত ও অনুমোদিত হলো।

বিবিধঃ ঝ) জনাব মোঃ ফয়েজ উদ্দীন, অফিসার ইনচার্জ মহেশপুর থানা ও সদস্য মহেশপুর পৌরপরিষদ এর মতামত।

মাননীয় প্রশাসক মহোদয়ের অনুমতিক্রমে অত্র TLCC কমিটির সদস্য, মোঃ ফয়েজ উদ্দীন, অফিসার ইনচার্জ মহেশপুর থানা ও সদস্য মহেশপুর পৌরপরিষদ সভাকে অবহিত করেন যে অত্র সভায় যেসকল সম্মানিত সদস্যবৃন্দ সুন্দর সুন্দর মতামত ও পরামর্শ প্রদান করেছেন আমি তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কিছু সম্মানিত সদস্যবৃন্দ মনের অনেক দুঃখ ও ক্ষোপ প্রকাশ করেছেন তাদেরকে আশ্বস্থ করতে চাই যে আপনারা ধর্য সহকারে প্রতিটি বিষয়ে আমাদেরকে সহযোগীতা করলে বৈষম্য দূরিকরণসহ প্রতিটি কাজ বাস্তবায়ন করতে সক্ষম হব ইংশাআল্লাহ। সভায় উপস্থিত সদস্যবৃন্দ অফিসার ইনচার্জ মহেশপুর থানা ও সদস্য মহেশপুর পৌরপরিষদ এর সাথে একমত পোষন করেন। এ বিষয়ে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনাসহ প্রতিটি জনগুরুত্ব পূর্ণ বিষয় অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। ইহা অত্র সভায় সর্ব সম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হলো।

মাননীয় প্রশাসক মহোদয় সমাপনী বক্তব্যে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আশ্বস্থ করে বলেন যে,আমি প্রত্যেকের মতামত ও পরামর্শ অত্যন্ত আনন্দের সাথে গ্রহন করছি। আপনাদের সকলের মতামত আমার অনেক ভালো লেগেছে। আপনারা আমার সাথে প্রতিটি কাজে সহযোগীতা করলে পৌর এলাকার মধ্যে প্রতিটি সমস্যা পর্যায়ক্রমে অতি সহজেই সমাধান করা সম্ভব হবে। তাছাড়া প্রতিটি প্রকল্পের জনগুরুত্ব বুঝে আপনাদেরকে সাথে নিয়ে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। উল্লেখ্য যে আপনাদের প্রতিটি পরামর্শ সম্পর্কে পৌরপরিষদের আগামী মাসিক সভায় আলোচনাসহ বাস্তবায়ন  করার নিমিত্তে আন্তরিক ভাবে চেষ্টা করা হবে।

পরিশেষে সভায় আরকোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত TLCC কমিটির সকল সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা  করেন।

(ইয়াসমিন মনিরা)
প্রশাসক
মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।

স্মারক নং- এমপি-৯২/২০২৪/

তারিখঃ  ৩১-১২-২০২৪ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। প্রকল্প পরিচালক,নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প(IUGIP)এলজিইডি ভবন,লেভেল-১২,আগারগাঁও,শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭
৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪। জেলা প্রশাসক,ঝিনাইদহ।
৫। জনাব/জনাবা------------------------- সদস্য, TLCC কমিটি,মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।
৬। অফিস কপি।

(মোঃ সোহেল রানা)
নির্বাহী প্রকৌশলী
মহেশপুর পৌরসভা,ঝিনাইদহ।